

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৭৪

२. यन गलाता সूि छे छे अत्मिश्याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ দু'আ করার ক্ষেত্রে অধিক মাত্রায় ছন্দময় শব্দ ব্যবহার করার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ إِكْتَارِ الْمَرْءِ السَّجْعَ فِي الدُّعَاءِ دُونَ الشَّيْءِ الْيَسِيرِ مِنْهُ

আরবী

974 _ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدِ عَنْ عَامِرٍ الشَّعْبِيِّ عَنِ ابْنِ أَبِي السَّائِبِ ـ قاصِ الْمَدِينَةِ ـ قَالَ: قَالَتْ عَائِشَةُ: قُصَّ فِي الْجُمُعَةِ مَرَّةً فَإِنْ أَبِيتَ فَمَرَّتَيْنِ فَإِنْ أَبَيْتَ فَثلاث وَلَا أُلْفِينَّكَ تَأْتِي الْقَوْمَ وَهُمْ فِي حَدِيثِهِمْ فَتَقْطَعَهُ عَلَيْهِمْ وَلَكِنْ إِنِ اسْتَمَعُوا حَدِيثَكَ فَحَدِّتْهُم وَلَا أُلْفِينَنَكَ تَأْتِي الْقَوْمَ وَهُمْ فِي حَدِيثِهِمْ فَتَقْطَعَهُ عَلَيْهِمْ وَلَكِنْ إِنِ اسْتَمَعُوا حَدِيثَكَ فَحَدِّتْهُم وَلَا أُلْفِينَنَكَ تَأْتِي الْقَوْمَ وَهُمْ فِي حَدِيثِهِمْ فَتَقْطَعَهُ عَلَيْهِمْ وَلَكِنْ إِنِ اسْتَمَعُوا حَدِيثَكَ فَحَدِّتْهُم وَلَا أَلْفِينَاكَ تَأْتِي الْقَوْمَ وَهُمْ فِي حَدِيثِهِمْ فَتَقْطَعَهُ عَلَيْهِمْ وَلَكِنْ إِنِ اسْتَمَعُوا حَدِيثَكَ فَحَدِّتْهُم وَلَا أَلْفِينَاكَ تَأْتِي الْقَوْمَ وَهُمْ فِي حَدِيثِهِمْ فَتَقْطَعَهُ عَلَيْهِمْ وَلَكِنْ إِنِ اسْتَمَعُوا حَدِيثَكَ فَحَدِّتُهُم وَاللّهُ عَلَيْهِ وَسَلّمَ وَأَصْحَابَهُ يَكُرَهُونَ وَاحْتَنِبِ السَّجْعَ فِي الدُّعَاءِ فَإِنِي عَهِدْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابَهُ يَكْرَهُونَ دَلْكَ.

الراوي: عَامِر الشَّعْبِيِّ عَن عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 974 | خلاصة حكم المحدث:. صحيح لغيره.

বাংলা

৯৭৪. আমির শা'বী রহিমাহল্লাহ মদীনার ওয়ায়েয ইবনু আবী আস সায়িব এর ব্যাপারে আ'ইশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেছেন, তিনি বলেছেন, "তুমি সপ্তাহে একবার মানুষকে উপদেশ দিবে, যদি তুমি তা মানতে অস্বীকৃতি জানাও, তবে সপ্তাহে দুইবার, যদি সেটাও মানতে অস্বীকৃতি জানাও, তবে সপ্তাহে তিনবার। তবে আমি যেন তোমাকে অবশ্যই এমন না পাই যে, তুমি লোকদের কাছে এমন অবস্থায় যাবে যে, তারা তাদের আলাপ-চারিতায় লিপ্ত রয়েছে আর তুমি গিয়ে তাদের আলোচনায় ছেদ ঘটাবে। বরং যদি তারা তোমার কথা স্বেচ্ছায় মনযোগ দিয়ে শ্রবণ করে, তবে তাদেরকে তুমি হাদীস শুনাবে আর তুমি দু'আর ক্ষেত্রে ছন্দময়তা থেকে বেঁচে থাকবে, কেননা আমি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং তাঁর সাহাবীদেরকে পেয়েছি এমন অবস্থায় যে, তাঁরা এটাকে অপছন্দ করতেন।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২১৭; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১/১৯১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৯৭৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন